

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২২/২০১৪

অভিযোগকারী : জনাব মোঃ তারিকুল ইসলাম 'লিংকন'

পিতা-মোঃ আব্দুল মজিদ মিয়া
৬২/৩/বি, দক্ষিণ মুগদাপাড়া
ঢাকা।

প্রতিপক্ষ : জনাব নজরুল ইসলাম মিশা

জনসংযোগ কর্মকর্তা

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

বি. আই. ডব্লিউ. টি. সি, ৫, দিলকুশা

মতিঝিল, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৯-০৪-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব মোঃ তারিকুল ইসলাম লিংকন তার দাখিলকৃত ০১/২০১৪ নং অভিযোগের বিষয়ে বি. আই. ডব্লিউ. টি. সি এর জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নজরুল ইসলাম মিশা এবং বি. আই. ডব্লিউ. টি. সি এর চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ এর বিরুদ্ধে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ০১/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানী অস্ত্রে তথ্য কমিশন কর্তৃক তথ্য সরবরাহের নির্দেশনা দেয়া হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) প্রার্থীত তথ্য সরবরাহ না করায় তিনি হয়রানীর শিকার হয়েছেন। তথ্য সরবরাহ না করায় আইন মোতাবেক অভিযুক্তদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগকারী পুনরায় ২৪-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৭-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময় চেয়ে আবেদন করেন। কমিশন কর্তৃক সময়ের আবেদন মঞ্জুর করা হয় এবং ২৯-০৪-২০১৪ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ তারিকুল ইসলাম লিংকন ও প্রতিপক্ষ বি. আই. ডব্লিউ. টি. সি এর জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব নজরুল ইসলাম মিশা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, ০১/২০১৪ নং অভিযোগের বিষয়ে শুনানী অস্ত্রে তথ্য কমিশন কর্তৃক তথ্য সরবরাহ করার নির্দেশ দেয়া হলেও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বিভ্রান্তিমূলক তথ্য সরবরাহ করায় তিনি পুনরায় তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। বি. আই. ডব্লিউ. টি. সি এর জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করা হয়েছে। কিন্তু অভিযোগকারী সন্তুষ্ট হতে পারেননি। আজকে সকল তথ্য সাথে নিয়ে এসেছেন। তিনি কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীকে সম্পূর্ণ তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শব্দান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীর প্রার্থিত তথ্যাদির আংশিক তথ্য সরবরাহ করা হয়েছে। সরবরাহকৃত তদন্ত প্রতিবেদনে কর্মকর্তার স্বাক্ষর নেই। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীর সম্পূর্ণ তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ০৭-০৫-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করার জন্য বি. আই. ডব্লিউ. টি. সি এর জনসংযোগ কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. সাদেকা হালিম)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার